

ক-অংশ (সৃজনশীল)

নিচে উল্লেখিত উদ্দীপক দুইটি মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাওঃ

- | | | |
|-----|---|---|
| ১। | সর্বনাশা ঝড় আম্পানে প্রত্যক্ষ গ্রামগুলোর অবস্থা যখন খুব ভয়াবহ তখন লাবিব তার বন্ধুদের নিয়ে দুর্গত মানুষের পাশে দাঁড়াতে চাইল। বন্ধুরা স্বতঃস্ফূর্তভাবে রাজি না হওয়ায় লাবিব নিজেই ছুটে গেল দুর্গত এলাকায় এবং নিরলস পরিশ্রম করে দুর্গতদের সাহায্য করতে লাগল। | ১ |
| (ক) | শওকত ওসমানের প্রকৃত নাম কী? | ১ |
| (খ) | “তোমরাই আমার ছেলে, বাবা” – বৃন্দ লোকটি একথা বলেছিলেন কেন? | ২ |
| (গ) | উদ্দীপকের লাবিবের বন্ধুদের সাথে ‘তোলপাড়’ গল্পের কোন চরিত্রের বৈসাদৃশ্য পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। | ৩ |
| (ঘ) | ‘তোলপাড়’ গল্পের সাবুর অসহায় মানুষের সেবা করার পিছনে যে প্রেরণা কাজ করেছে উদ্দীপকের লাবিবের মাঝেও সেই একই প্রেরণা কাজ করেছে – মন্তব্যটি যাচাই কর। | ৪ |
| ২। | মাদার তেরেসা মানুষের সেবায় নিজেকে উৎসর্গ করেছিলেন। তাঁর সেবার পথে জাতি-ধর্ম-বর্ণ কোনো বাধা সৃষ্টি করেনি। সবকিছুকে পিছনে ফেলে মানুষকেই তিনি সবচেয়ে বড় করে দেখেছেন। | ১ |
| (ক) | “মানুষ জাতি” কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? | ১ |
| (খ) | ‘ভিতরে সবারই সমান রাঙ্গা’- একথা দ্বারা কী বোঝানো হয়েছে? | ২ |
| (গ) | উদ্দীপকে ‘মানুষ জাতি’ কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। | ৩ |
| (ঘ) | “উদ্দীপক এবং ‘মানুষ জাতি’ কবিতার মূলভাব এক ও অভিন্ন” – তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। | ৪ |

খ-অংশ (বহু নির্বাচনি)

নিম্নলিখিত বহুনির্বাচনি প্রশ়ঙ্গলোর সঠিক উত্তর খাতায় লেখঃ

[প্রতিটি প্রশ্নের মান-১]

নিচের উদ্দীপকটি পড় এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাওঃ

তাসফিয়া বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পরে সেইস্থে শহরে বসবাস শুরু করেছে, তার আর গ্রামে ফিরে যাওয়া হয়নি মাঝে মধ্যে বেড়াতে যাওয়া ছাড়া। এখন আর সে গ্রামের চমৎকার প্রাকৃতিক পরিবেশ দেখতে পায় না। তাসফিয়া ভাবে এবার ছুটিতে সে গ্রামে ফিরে খুব মজা করে ফুল, পাখি, গাছ, নদী দেখবে।

- ১। তাসফিয়ার গ্রামে যাওয়ার আগ্রহ ‘বিংশে ফুল’ কবিতার কোন চরণটিতে ফুটে উঠেছে?
 (ক) ভালোবাসি মাটি-মায় (খ) ঝালমল দোলো দুল (গ) মরা মাচানের দেশ (ঘ) পরি জাফরানি বেশ
 ২। ‘বিংশে ফুল’ কবিতার সাথে তুলনীয় যে বিষয়টি উদ্দীপকে রয়েছে তা হলো –
 i . মানবপ্রেম ii . প্রকৃতিপ্রেম iii . সৌন্দর্যপ্রেম

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩। শওকত ওসমান কত সালে মৃত্যুবরণ করেন?

- (ক) ১৯৯৫ সালে (খ) ১৯৯৬ সালে (গ) ১৯৯৭ সালে (ঘ) ১৯৯৮ সালে

৪। ‘অলকা’ কী?

(ক) স্বর্গ (খ) মর্ত্য (গ) অগ্নি (ঘ) নিলীমা

৫। সব মানুষই সমান ভাবে কী বোঝে?

i . বংশগৌরব ii . ক্ষুধা ও তৃষ্ণার জ্বালা iii . শীতাতপের অনুভূতি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i , ii ও iii

৬। কালো আর সাদার ভেদাভেদে মানুষের কোথায় থাকে?

(ক) দেশে (খ) সমাজে (গ) ভিতরে (ঘ) বাইরে

৭। কত বছর বয়সে কবি সত্যেন্দ্রনাথ দত্ত মৃত্যবরণ করেন?

(ক) ত্রিশ বছর (খ) চাল্লিশ বছর (গ) পঞ্চাশ বছর (ঘ) ষাট বছর

৮। ‘মানুষ জাতি’ কবিতায় নিখিল জগৎ কেমন?

(ক) ব্যক্তিময় (খ) যন্ত্রণাময় (গ) আনন্দময় (ঘ) ব্রহ্মময়

নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাওঃ

পঞ্চী মমতাজ বেগমের স্মৃতির উদ্দেশে ভারতের আগ্রায় সন্মাট শাহজাহান নির্মাণ করেন তাজমহল। প্রায় বিশ হাজার শ্রমিক ২১ বছরে তাজমহল নামক স্মৃতিসৌধটি নির্মাণ করেন।

৯। উদ্দীপক এবং ‘নীলনদ আর পিরামিডের দেশ’ রচনায় উঠে এসেছে -

i . ইতিহাস ii . ঐতিহ্য iii . মানবকীর্তি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i , ii ও iii

১০। উদ্দীপকের তাজমহলের সাথে ‘নীলনদ আর পিরামিডের দেশ’ রচনার কোন জিনিসটির সাথে সাদৃশ্য রয়েছে?

(ক) পিরামিডের (খ) রেন্টোরাঁ (গ) নীলনদের (ঘ) সুদানিদের

১১। রেন্টোরাঁ খাবার সময় লেখকের প্রাণ কাঁদছিল-

i . মাছের খোলের জন্য ii . আতপ চাল আর উচ্ছেভাজার জন্য iii . সোনামুগের ডাল ও পটলভাজার জন্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i , ii ও iii

১২। প্রৌঢ়া নারী সাবুকে কত টাকার নোট দিতে গেলেন?

(ক) পাঁচ টাকার (খ) দশ টাকার (গ) বিশ টাকার (ঘ) পঞ্চাশ টাকার

১৩। সাবুর মায়ের নাম কী?

(ক) জেতুন বিবি (খ) জমিলা বেগম

(গ) জরিমন বিবি (ঘ) জয়তুন বেগম

১৪। ‘চাঙারি’ শব্দটির অর্থ কি?

(ক) ঝুড়ি (খ) ঝাল (গ) ঝড় (ঘ) মুড়ি

১৫। ‘বিশে ফুল’ স্বর্গে যেতে চায় না কোন কারণে?

(ক) স্বর্গকে ভালোবাসে না বলে (খ) স্বর্গে যাওয়া সম্ভব নয় বলে

(গ) আকাশে যেতে চায় বলে (ঘ) মাটি মায়ের কাছে থাকবে বলে

১৬। ‘শবনম’ গ্রন্থটির রচয়িতা কে?

(ক) মুহাম্মদ শহীদুল্লাহ (খ) সৈয়দ মুজতবা আলী

(গ) শওকত ওসমান (ঘ) রফিকুল ইসলাম

১৭। শব্দের গঠন এবং একটি শব্দের সঙ্গে অন্য শব্দের সম্পর্কের আলোচনা ব্যাকরণের কোন অংশে হয়?

(ক) ধ্বনিতত্ত্বে (খ) ৱাপতত্ত্বে (গ) বাক্যতত্ত্বে (ঘ) বাগর্থতত্ত্বে

১৮। যে-ক্রিয়া বাক্যের বা বক্তার মনোভাবের পুর্ণতা ও পরিসমাপ্তি প্রকাশ করে তাকে কী বলে?

(ক) বিশেষ্য (খ) সমাপিকা ক্রিয়া (গ) অসমাপিকা ক্রিয়া (ঘ) ক্রিয়া

১৯। বিশেষ্য শব্দের শেষে কী যোগ করে বিশেষণ শব্দ গঠন করা হয়?

(ক) উপসর্গ (খ) অনুসর্গ (গ) বিভক্তি (ঘ) প্রত্যয়

২০। শব্দের পরে যে বিভক্তি বসে তাকে কী বলে?

(ক) নাম বিভক্তি (খ) পদ বিভক্তি (গ) শব্দ বিভক্তি (ঘ) ক্রিয়া বিভক্তি

২১। শব্দকে সাধারণত কয়টি শ্রেণিতে ভাগ করা হয়?

(ক) ৩ টি (খ) ৪ টি (গ) ৫ টি (ঘ) ৬ টি

২২। স্বরধ্বনি উচ্চারণে কয়টি বিষয় বিশেষভাবে গুরুত্বপূর্ণ?

(ক) দুইটি (খ) তিনটি (গ) চারটি (ঘ) পাঁচটি

২৩। পূর্বের ও পরের ধ্বনির প্রভাবে ধ্বনির যে পরিবর্তন হয় তাকে কী বলে?

(ক) প্রতিবেশ (খ) ধ্বনি পরিবর্তন (গ) ধ্বনি লোপ (ঘ) ধ্বনি দিষ্ট

২৪। একই ব্যঞ্জন পরপর দুবার ব্যবহৃত হলে তাকে কী বলে?

(ক) যুক্ত ব্যঞ্জন (খ) দ্বিতীয় ব্যঞ্জন (গ) সাধারণ যুক্ত ব্যঞ্জন (ঘ) স্বচ্ছ যুক্তব্যঞ্জন

২৫। বাংলা ব্যঞ্জন ধ্বনির সংখ্যা কতটি?

(ক) ৩২ টি (খ) ৩৩ টি (গ) ৩৭ টি (ঘ) ৩৯ টি

২৬। দুই বা তার চেয়ে বেশি শব্দ একসাথে যুক্ত হয়ে একটি শব্দ তৈরির প্রক্রিয়াকে কী বলে?

(ক) বিভক্তি (খ) উপসর্গ (গ) সমাস (ঘ) সম্মিলন

২৭। প্রত্যয় শব্দের কোথায় বসে?

(ক) পরে (খ) পূর্বে (গ) মাঝে (ঘ) সঙ্গে

২৮। বিশেষ্যের পরিবর্তে যা ব্যবহৃত হয় তাকে কী বলে?

(ক) বিশেষণ (খ) সর্বনাম (গ) ক্রিয়া (ঘ) অব্যয়

২৯। ‘ইচ্ছুক’ শব্দটিতে কোন প্রত্যয়টি যুক্ত হয়েছে?

(ক) –অক (খ) –ইক (গ) –উক (ঘ) -অক

৩০। ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে?

(ক) কার (খ) চিহ্ন (গ) ফলা (ঘ) প্রতীক